"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ,সিলেট

**ফেব্রুয়ারী / ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৩৫ তম সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ জনাব নাজিরা বেগম,প্যানেল চেয়ারম্যান , উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।
সভার তারিখ ও সময় ঃ ১৭ ফেব্রুয়ারী ২০২২ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব নাজিরা বেগম উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ ন্যাস্তকৃত বিভাগসমূহের কার্যাবলী ঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের আবাসিক এলাকায় সুরমা ও নিলিমা আবাসিক ভবনদ্বয় সহ ক্যাম্পাসের দক্ষিণ-পশ্চিম প্রান্তে বিদ্যমান ডরমেটরী ভবন ৩টি বসবাসের উপযোগী করার জন্য প্রেরিত প্রাক্কলণ সমূহ স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.১৮.০১২.২০-৩৭ তারিখঃ ১৩-০১-২০২২ইং মারফত অনুমোদন পাওয়া গেছে। ডরমেটরী ভবনের জন্য ১৮,০৭,৪৯৩.০০ টাকা সুরমা ভবনের জন্য ১২,৫৭,৭৬১.০০ টাকা এবং নিলিমা ভবনের জন্য ১২,৫০,২৬২.০০ টাকা অনুমোদিত হয়েছে। যাহা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার অনুমোদন রয়েছে। উক্ত ক্রয় কার্যক্রম PPR ২০০৮ অনুযায়ী সম্পন্ন করা যেতে পারে। উপজেলা প্রকৌশলী আরও জানান যে, মাটির গভীরে পানির স্তর নেমে যাওয়ায় উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে পানি সরবরাহের জন্য বিদ্যমান পাম্প দ্বারা পানি উত্তোলন সম্ভবপর হচ্ছে না বিধায় স্থায়ী সমাধানের জন্য একটি তাঁরা টিউবওয়েল স্থাপন করা জরুরী। তিনি আরও জানান উপজেলা পরিষদ ভবনের নির্বাহী অফিসার মহোদয়ের Wash Room এর দরজা ও উপজেলা প্রকৌশলীর রুমের ৩টি জানালা এবং ভবনের নীচ তলায় বিদ্যমান Front Desk এর দরজা সংস্কার করা অতীব জরুরী। এছাড়াও ERD কর্তৃক প্রস্তাবিত ইলেকট্রিক বিল বোর্ডটি উপজেলা পরিষদের প্রবেশ দ্বারে স্থাপন করা যেতে পারে বলে তিনি জানান। বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চলমান রয়েছে; তবে ভাদেশ্বর ইউনিয়নের শাহ আব্দুল্লাহ বিদ্যালয়গামী গ্রামীণ সড়কের উন্নয়ন কাজে পাশ্ববর্তী বসতবাড়ীর জনসাধারণ বিভিন্ন ভাবে বাঁধা সৃষ্টি করছে; যেখানে তিনি স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সহযোগীতা কামনা করেছেন। | উপজেলা পরিষদের আবাসিক এলাকায় সুরমা ও নিলিমা ভবনদ্বয় এবং ডরমেটরী ভবন মেরামতের লক্ষ্যে উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তাবিত PPR ২০০৮ পদ্ধতিতে ক্রয় কার্যক্রম সম্পন্ন করার জন্য, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে পানি সরবরাহের লক্ষ্যে জরুরী ভিত্তিতে টিউবওয়েল স্থাপন, অফিসের বর্নিত সংস্কার এবং উপজেলা পরিষদের প্রবেশ দ্বারে ইলেকট্রিক বিল বোর্ডটি স্থাপন করার জন্য পরিষদে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সভায় জানান, ১৬/০২/২০২২ ইং পর্যন্ত করোনা (COVID-19) সংক্রান্ত তথ্যাদি ঃ মোট নমুনা সংগ্রহ ঃ ৫০২৩ জন, মোট আক্রান্ত ঃ ১১২৬ জন, মোট সুস্থ ১১০৭ জন, মোট মৃত্যু ১৯ জন, বর্তমানে আইসোলেশন নাই, অদ্যাবধি পর্যন্ত ১ম ডোজ Verocell টিকা | কোভিড টিকা কমিটির সভা ও হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির আয়োজন সহ | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা এবং সংশ্লিষ্ট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রদান : ১,২৬,১৩৫ জন, ২য় ডোজ Verocell টিকা প্রদান : ৯০,৩৭১ জন, অদ্যাবধি পর্যন্ত ১ম ডোজ Astrazeneca : ৭২২০ জন, ২য় ডোজ Astrazeneca টিকা প্রদান : ৬৮০৭ জন। Astrazeneca বুষ্টার: ৫৮০ জন। ১ম ডোজ ফাইজার টিকা প্রদান : ৩৩৪৯১ জন । ২য় ডোজ ফাইজার টিকা প্রদান : ৩৬৩৫ জন। ফাইজার বুষ্টার প্রদান : ৫৯৪ জন। ১ম ও ২য় ডোজ মর্ডানা নাই। মর্ডানা বুষ্টার ২৫০০ জন। ১ম ডোজ সিনোভেক টিকা প্রদান ৩৭৬৫০ জন। ২য় ডোজ সিনোভেক টিকা প্রদান ১২৫৫০ জন। মোট ১ম ডোজ টিকা প্রদান ২০৪৫০০=৫৪.৮০%। মোট ২য় ডোজ টিকা প্রদান ১১৬২৩৯=৩১.১%। | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল |
| ২/৩ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচীর আওতায় ১ম পর্যায় কাজ চলমান রয়েছে। মুজিব বর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীনদের জন্য দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ প্রকল্পের আওতায় ০৪ টি ইউনিয়নে ৫০ টি গৃহ নির্মান প্রকল্পের আওতায় ০৪ টি ইউনিয়নে ৫০ টি গৃহ নির্মানের সিদ্ধান্ত গৃহীত হয়। অত্র উপজেলার ১১ টি ইউনিয়ন ও ০১ টি পৌরসভার অসহায় ও শীতার্ত মানুষদের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরন অব্যহত রয়েছে। | গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন (টি.আর) কর্মসূচীর আওতায় নগদ অর্থ/খাদ্যশস্য বরাদ্দকৃত উন্নয়নমূলক কাজের তালিকা দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউপিচেয়ারম্যান |
| ২/৪ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, জানুয়ারী / ২২ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ঃ ৪৯,৩২০ জন, পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ঃ ৩৮,৪২০ জন, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহনকারীর হার ঃ ৭৭.৯০%, গর্ভকালীন সেবা ৭৪৯ জন, প্রসব সেবা (এফডব্লিউসি) ৬৬ জন, গর্ভোত্তর সেবা ২৮১ জন, শিশু সেবা ৮২৯ জন, সাধারন রোগী ৩০৩৪ জন, মোট জীবিত জন্মের সংখ্যা ঃ ১৭৯ জন, মোট মৃত্যুর সংখ্যা ঃ ৮০ জন ছিল। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | জন্মগ্রহনকৃত শিশু ও মৃত শিশুদের নিবন্ধন নিশ্চিতের জন্য সকল ইউনিয়ন পরিষদকে অবহিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৫ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, এই মৌসুমে বোরো ধানের লক্ষ্যমাত্রা নির্ধারন হয়েছে ৭১৮৫ হেঃ আবাদ হয়েছে ৬৫০০ হেঃ। আবাদ কার্যক্রম চলমান রয়েছে। হাওরের বোরো আবাদ কার্যক্রম শেষ হয়েছে। আবাদকৃত জাতের মধ্যে স্বল্প জীবন কালের জাতের ব্যাপক সম্প্রসারন করা হয়েছে যে জাত গুলো এপ্রিল মাসে কর্তন করা যাবে এই রকম জাত হাওরে আবাদ করা হয়েছে। কৃষিতে যন্ত্রের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে গোলাপগঞ্জের লক্ষীপাশা ইউনিয়নে সমলয় চাষাবাদ এর মাধ্যমে ১৫০ বিঘা জমিতে ধান আবাদ কার্যক্রম চলমান রয়েছে। চলতি বোরো মৌসুমে পর্যাপ্ত সার ও বীজ মজুদ রয়েছে। | নিরাপদ সবজি ও কৃষি উৎপাদন বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৬ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য বিভাগের এপিএ এর আওতায় বিভিন্ন কার্যক্রম চলমান। এ মাসে অত্র বিভাগ ২০ জন চাষীকে আধুনিক পদ্ধতিতে মাছ চাষের উপর প্রশিক্ষন প্রদান করা হয়। ১৩৫ জন মৎস্য চাষীকে মাছ চাষ বিষয়ক বিভিন্ন পরামর্শ সেবা প্রদান করা হয়। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সচেষ্ট হবেন। | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৭ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা (ভাঃপ্রাঃ) সভায় জানান যে, অত্র দপ্তরের গবাদি পশুর টিকা প্রদান ঃ ১৩৫২টি, পোল্ট্রি টিকা প্রদান ৪২৮০০ টি। কৃত্রিম প্রজনন ১৯০ টি। ভ্যাকসিনেশন ক্যাম্পেইন ৫ টি ধারাবহর (আমুড়া), উঃ রায়গড় (ঢাকাদক্ষিন), শেখপুর, সিলিমপুর (ভাদেশ্বর), কানিশাইল। গবাদি পশুর চিকিৎসা প্রদান ১৭৮১ টি, পোল্ট্রি ৮৫০০ টি। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার ১৮০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কোভিড ১৯ এর কারনে বন্ধ থাকায় গুগল মিটে ক্লাশ নেয়া হচ্ছে এবং যাদের স্মার্ট মোবাইল নাই তাদের মোবাইল ফোনের মাধ্যমে পাঠদান কার্যক্রম চালু রয়েছে। এছাড়া প্রতিটি বিদ্যালয়ে আন্তর্জাতিক | ছাত্র / ছাত্রীদের গোগল মিটে ক্লাশ নেওয়া ও বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মাতৃভাষা দিবস পালন করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। | রাখতে সচেষ্ট হবেন | |
| | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১ সালের এইচএসসি/ আলিম পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। এইচএসসি পরীক্ষায় পাশের হার ৯৭.১৭% মোট জিপিএ ৫ প্রাপ্ত ১২৯ জন। আলিম পর্যায়ে পাশের হার ৯৫.৫৬% কোন জিপিএ ৫ নাই। উপজেলার সকল প্রতিষ্টানে ২০২২ সালের মাধ্যমিক পর্যায়ের স্কুল ও মাদ্রাসা ইবতেদায়ীর সকল শ্রেনীর বিনামূল্যে পাঠ্যপুস্তক শতভাগ বিতরন সমাপ্ত করা হয়। সকল মাধ্যমিক ও উচ্চ শিক্ষার ১২-১৮ বয়সীদের ২য় ডোজ ভ্যাকসিন কার্যক্রম চলছে। গোলাপগঞ্জ উপজেলার বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবন উপজেলা পরিষদ কর্তৃক নির্ধারিত জায়গাটি, উপজেলা মাষ্টার প্ল্যানের কারনে পূর্বে নির্ধারিত জায়গা থেকে ৩৫ ফুট দূরে উপজেলা অভ্যন্তরে নতুন জায়গা নির্ধারন করা হয়। বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবনের জন্য নির্ধারিত জায়গাটি উপজেলা কৃষি অফিসের পশ্চিমে ব্যানবেইস কর্তৃক নির্ধারিত দৈর্ঘ্য ও প্রস্থে জায়গা নির্ধারন করাহয়। খুবই দ্রুত নির্মানের কাজ শুরু হবে। উক্ত সভায় সদয় অবগতির জন্য উপস্থাপন করা হলো। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বিভিন্ন ইউনিয়নে নলকূপ স্থাপন কাজ চলমান আছে। এছাড়া হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় বাঘা, বাদেপাশা, শরীফগঞ্জ, ভাদেশ্বরও লক্ষনাবন্দ ইউনিয়নে নলকূপ স্থাপন কাজ চলমান আছে। | সরকারি ও এনজিও কর্তৃক স্থাপিত নলকূপ গুলি পানি পানযোগ্য করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সার্বিক যুব কার্যক্রম সুষ্টুভাবে চলছে। চলমান অর্থবছরে ঋণ বিতরন পুরুষ ১৪ জন ৭,২৫,০০০/-, মহিলা ০৫ জন ৩,০০,০০/-। ক্রমপুঞ্জিত ঋণ বিতরন ৩,৪০,৫৭০০০/-, ক্রম পুঞ্জিত ঋণ আদায়যোগ্য ২,৯৭,৪৬,৫৭০/-, ক্রমপুঞ্জিত ঋণ আদায়কৃত ২,৭৮,৬৮,৩৪৩/-, আদায়ের হার ৯৩.৭০%। | চলমান বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৩ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, সমাজ সেবা কার্যালয়ের দ্বিতীয় কিস্তির বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির টাকার পেরোল ৯/১/২২ তারিখে পাঠানো হয়েছে। সকল চেয়ারম্যানগণ ব্যাপক প্রচার প্রচারনা ও মাইকিংয়ের মাধ্যমে ভাতাভোগীদেরকে সচেতন করা এবং কোন প্রতারক যেন ভাতার টাকা উত্তোলন করতে না পারে সে ব্যাপারে অবগত করার জন্য বিশেষ অনুরোধ করা যাচ্ছে। কোন ভাতাভোগী মৃত্যুবরন করলে দ্রুত প্রতিস্থাপনে সহযোগীতা করার জন্য এবং কোন প্রতিবন্ধী ব্যক্তি ভাতা না পেয়ে থাকলে তার তথ্য দ্রুত প্রেরন করার জন্য অনুরোধ করা হলো। | সুবিধা ভোগীরা যাতে কোন ধরনের হয়রানির শিকার না হয় সেদিকে বিশেষ দৃষ্টি রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরাধ করা হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে ঋণ আদায় ৪০.১৩ লক্ষ টাকা, ঋণ বিতরন ৫৩.০০ লক্ষ টাকা। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৫ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, অডিট যোগ্য সমিতি ১৩০ টি, সম্পাদন-৯৬ টি, সম্পাদনের হার ৭৪%। সরকারী রাজস্ব অডিট সেস ধার্য্য ৪০২০০/- এর মধ্যে আদায় হয়েছে ৪০২০০/- আদায়ের হার ১০০%। ২৫ জন সমবায়ীকে ভ্রাম্যমান প্রশিক্ষন ও ৫ জনকে আইজিএ প্রশিক্ষন প্রদান করা | উপজেলা সমবায় কর্মকর্তা বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও | উপজেলা সমবায় কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়েছে। | সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | (সকল)। |
| ২/১৬ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, আমন মৌসুমে ধান সংগ্রহের কার্যক্রম সফল ভাবে সমাপ্ত হয়েছে। লক্ষ্যমাত্রা ছিল ৬৩৫ মে.টন, ৬৩৫ মে.টন ধান ই সংগ্রহ করতে পেরেছি। বিশেষ ওএমএস কার্যক্রম ২২ জানুয়ারী থেকে ৪ টি ডিলার স্টেশন থেকে চলমান আছে। উল্লেখ্য যে প্রত্যেক ডিলার প্রতিদিন ১ টন চাল ও ১ টন আটা বিক্রি করে এবং প্রত্যেক ভোক্তা সর্বোচ্চ ৫ কেজি করে চাল ও আটা ক্রয় করতে পারে। খাদ্য অধিদপ্তর থেকে ব্যবসায়ী ও চালকল ব্যবসায়ীদের মজুদ বাছাই কার্যক্রম চলমান আছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন এবং নির্ধারিত ধান সংগ্রহ নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোলাপগঞ্জ /ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৭ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান, দেশে প্রথম বারের মত বর্জ্য ব্যবস্থাপনার উপর জরিপ কাজ চলমান। ২০/০২/২০২২ তারিখের পর পথ শিশু বিষয়ক জরিপ কার্যক্রম চালু হবে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সচেষ্ট থাকবেন | |
| ২/১৮ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তা সচেষ্ট থাকবেন | উপজেলা বন কর্মকর্তা /ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | সভায় শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গোলাপগঞ্জ জানান যে, গোলাপগঞ্জ উপজেলার পল্লী সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। তিনি খেলাপী ঋণ আদায়ের ব্যাপারে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বৃন্দ সহ সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সচেষ্ট থাকবেন | পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/২০ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ডিজিএম পল্লীবিদ্যুৎ সচেষ্ট থাকবেন | ডিজিএম পল্লীবিদ্যুৎ/ ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ০৩। | নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | জনাব মনসুর আহমদ,ভাইসচেয়ারম্যান এর অনুকূলে এপ্রিল/২১-ডিসেম্বর/২১ পর্যন্ত ভ্রমন বিল বাবদ ৬৭২১৫/-চেক প্রদান চেক নং ০৫২৪৬৮৬ তাং ১২/০১/২২। জনাব রাজন পালের অনুকূলে ডিসেম্বর/২১ মাসের আনুসংগিক বাবদ ৫০০০/- চেক প্রদান চেক নং ০৫২৪৬৮৫তাং ৩/১/২২। আইপিএস মেরামত বাবদ ফরচুন এন্টার প্রাইজ এর অনুকূলে ৩০,৫০০/- চেক প্রদান চেক নং০৫২৪৬৮৭তাং ১২/০১/২২। জাকির হোসেন এর অনুকূলে জীপ গাড়ীর জ্বালানী বাবদ ৪০,৮৮৬/- চেক প্রদান চেক নং০৫২৪৬৮৮ তাং ২৫/১/২২। | উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি জনাব নাজিরা বেগম গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরনের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজিরা বেগম
প্যানেল চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারক নং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.১৫৭

তারিখ ঃ ১৭/০২/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩৪, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ
০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, সিলেট।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৪। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৫। নির্বাহী প্রকৌশলী, ---------------------------------- সিলেট।
০৬। উপজেলা --------------------------- অফিসার, গোলাপগঞ্জ।
০৭। চেয়ারম্যান------------------------------------ ইউ/পি (সকল), গোলাপগঞ্জ।
০৮। অফিস নথি/মাস্টার ফাই

(মোঃ গোলাম কবির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
☎ ০৮২২৭-৫৬০৩১
ইমেইলঃunogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্রমিক | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধি বৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ০৯ নং আমুড়া ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০৭ নং লক্ষনাবন্দ ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ১৩ | সংরক্ষিত মহিলা সদস্য, সংরক্ষিত আসন নং ০২ | - | স্বাক্ষরিত |
| ১৪ | সংরক্ষিত মহিলা সদস্য, সংরক্ষিত আসন নং ০৩ | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা কৃষি কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা প্রকৌশলী,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা ,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৭ | সি. উপজেলা মৎস্য কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৮ | উপজেলা সমবায় কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৯ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, গোলাপগঞ্জ | | স্বাক্ষরিত |
| ৩০ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩১ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩২ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩৩ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩৪ | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩৫ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ০১ | মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০২ | চেয়ারম্যান, বাঘা ইউপি | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০৩ | চেয়ারম্যান, বুধবারীবাজার ইউপি | অনুমতি ব্যতিত অনুপস্থিত |

মোঃ গোলাম কবির
নির্বাহী অফিসার
গোলাপগঞ্জ, সিলেট।

নাজিরা বেগম
প্যানেল চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট।